# শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি
## মাল্লাগুড়ি, শিলিগুড়ি,
## দার্জিলিং

### বিজ্ঞপ্তি

স্মারক নং 631/SRMC  তারিখ- 11.11.2025

এতদ্বারা জানানো যাইতেছে যে, শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি চত্বরে ১৬ টি দোকান ঘর এককালিন কিস্তি মূল্য (ফেরৎযোগ্য) ও ভাড়ার ভিত্তিতে Bid মাধ্যমে বন্টন করা হইবে। ইচ্ছুক ব্যাক্তিগণকে আগামি ইং- 12.11.25 তারিখ হইতে 21.11.25 তারিখ পর্যন্ত সকাল ১১ টা হইতে দুপুর ২ টার মধ্যে (ছুটির দিন বাদে ) নির্ধারিত ফর্মে আবেদন করতে অনুরোধ করা হচ্ছে। আবেদন পত্রের মূল্য ১০০/- (এক শত) টাকা মাত্র। ইচ্ছুক ব্যাক্তিগণকে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির অনুকূলে অফেরৎযোগ্য- ১ টি দোকান ঘরের জন্য দুই মাসের ভাড়া DCR/DD সহযোগে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান কার্যালয়ে জমা দিতে বলা হইতেছে।

কেবলমাত্র Bid এ অসফল ব্যাক্তিকে উল্লেখিত DCR/DD ফেরৎ দেওয়া হইবে।

বিস্তারিত তথ্যাবলীর জন্য শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন।

**নিয়মাবলী :-**

১। দোকান ঘরগুলি Bid মাধ্যমে বন্টিত করা হবে।

২। দোকান ঘরের সংখ্যা, দোকান ঘরের পরিমাপ, সুদ বিহীন ফেরৎযোগ্য ধার্য্য মূল্য ও ভাড়ার ধার্য্য মূল্য শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির দ্বারা নির্ধারিত হয়েছে।

যথাক্রমে-

| দোকান ঘরের সংখ্যা | অবস্থান | দোকান ঘরের পরিমাপ | সুদ বিহীন ফেরৎযোগ্য ধার্য্যমূল্য | স্টলের ভিত্তি মূল্য |
|---|---|---|---|---|
| ৬ টি N (1-6) | মাছ বাজারের দিকে সার্কুলার রোডের বাম দিক | ১৫০ বর্গ ফুট | দুই মাসের ভাড়া | ১৮০০/- টাকা |
| ৬ টি N (7-12) | মাছ বাজারের দিকে সার্কুলার রোডের ডান দিক | ১৫০ বর্গ ফুট | দুই মাসের ভাড়া | ১৮০০/- টাকা |
| ৪ টি N (12-16) | কুল চেইনের পাশে | ১৫০ বর্গ ফুট | দুই মাসের ভাড়া | ১৮০০/- টাকা |

৩। আবেদনকারীকে অবশ্যই কৃষিজ পণ্য নিয়ে ব্যবসা করতে হবে। অন্যথায় আবেদন যোগ্য হবে না ও যদি কেউ আবেদন করে থাকে তবে তা বাতিল বলে গন্য হবে।

৪। আবেদনপত্রের (নির্ধারিত বয়ানের) সাথে -

(ক) আবেদনকারীর বৈধ ট্রেড লাইসেন্স।

(খ) আবেদনকারীর শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির বৈধ লাইসেন্স।

(গ) আবেদনকারীর ভোটার কার্ড জেরক্স কপি।

(ঘ) আবেদনকারীর আধার কার্ডের জেরক্স কপি

(ঙ) আবেদনকারীর সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।

(চ) Siliguri Regulated Market Committee এর অনুকূলে (ফেরৎযোগ্য) দুই মাসের ভাড়া DCR/DD সহযোগে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান কার্যালয়ে জমা দিতে বলা হচ্ছে। কেবলমাত্র Bid এ অসফল ব্যাক্তিকেই উল্লেখিত DCR/DD ফেরৎ দেওয়া হইবে।

৬। বাজার সমিতি সাথে চুক্তিপত্র তৈরি করে নিতে হবে ও ১৫ (পনেরো) দিনের মধ্যে দোকান ঘর চালু করতে হবে। অন্যথায় তার বিতরন প্রক্রিয়া বাতিল বলে গন্য করা হবে।

৭। চুক্তিপত্র প্রতি তিন বছর অন্তর পুনরায় নবিকরণ হবে এবং ভাড়া বৃদ্ধি হবে ১০ শতাংশ করে।

৮। দোকান ঘরের ভাড়া সরকার নির্ধারিত ধার্য্যমূল্যে প্রতিমাসে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতিকে প্রদান করতে হবে।

৯। দোকান ঘরের বৈদ্যুতিক লাইন স্থাপন করলে স্থানীয় ইলেকট্রিক অফিসে যোগাযোগ করতে হবে। প্রয়োজনে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি NOC প্রদান করবে।

১০। এক জন আবেদনকারী কেবল মাত্র একটি ঘরের জন্য আবেদন করতে পারবে। যদি কোনো আবেদনকারী একাধিক আবেদন পত্র জমা করে তবে তার সব আবেদন পত্রগুলি বাতিল বলে ঘোষিত হবে।

১১। যদি কোনো আবেদনকারী নামে শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির কোন দোকান ঘর থেকে থাকে সেক্ষেত্রে তিনি আর আবেদনকারী হিসেবে বিবেচিত হইবে না ।যদি এরকম কোন আবেদনকারী আবেদন করে থাকে তবে তা বাতিল বলে ঘোষিত হবে।

১২। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

বিস্তারিত তথ্যাবলীর জন্য শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রধান কার্যালয়ে যোগাযোগ করুন।

অনুপম মৈত্র 11.11.2025

সচিব

শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি

# শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি
# মাল্লাগুড়ি, শিলিগুড়ি,
# দার্জিলিং

Memo. No. 631 /SRMC, Dated: 11.11.2025

Copy forwarded for favour of information and wide circulation to:

1. The Chief Executive Officer, West Bengal State Agriculture Marketing Board
2. The District Magistrate, Darjeeling and Chairman Siliguri RMC.
3. Office File .

11/11/2025

Secretary

Siliguri Regulated Market Committee